জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে কক্সবাজার জেলার কলাতলি সরকারী জমিতে বিভিন্ন আয়তনের ৪৫৯ টি আবাসিক ফ্ল্যাট বরাদ্দের

আবেদনপত্রের ক্রমিক নং			
অফিস কর্তৃক পুরণ করা হইবে			

আবেদনপত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি
১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগাইতে হবে।

০১। আবেদনকারীর নাম : (স্পষ্ট অক্ষরে)

বাংলায় ....

ইংরেজীতে (ক্যাপিটেল লেটার) ....

০২। পিতা/ স্বামীর নাম : .... মাতার নাম : ....

০৩। আবেদনকারীর জন্ম তারিখ .... বয়স : ....

(বয়সের প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে)

০৪। বর্তমান ঠিকানা ....

০৫। স্থায়ী ঠিকানা ....

.... টেলিফোন / মোবাইল নং ....

০৬। আই ডি নং (যদি থাকে) : ....

০৭। পেশার বিবরণ : ....

ক) অফিস/সংস্থা/ ব্যবসা প্রতিষ্ঠানের নাম : ....

খ) চাকুরীজীবি হইলে ....

১। পদের নাম : .... ২। বর্তমান প্রাপ্ত মূল বেতন ....

৩। বেতন স্কেল ....

৪। চাকুরীতে যোগদানের তারিখ .... ৫। মেয়াদকাল ....

গ) ব্যবসায়ী হইলে ব্যবসার ধরন .... (ট্রেড লাইসেন্সের কপি দাখিল করিতে হইবে)

ঘ) অন্যান্য উৎস হইতে আয় ....

ঙ) বার্ষিক মোট আয় : .... (আয়ের স্ব-পক্ষে প্রমাণপত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

০৮। টি আই এন নম্বর (যদি থাকে) ....

০৯। ক) প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নং .... তারিখ : ....

(মুল রশিদ সংযুক্ত করিতে হইবে)

খ) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে অর্ডার/ ব্যাংক ড্রাফট নং- ....

তাং .... ব্যাংকের নাম .... শাখা ....

গ) বাংলাদেশী টাকা / মার্কিন ডলার/ পাউন্ড স্টার্লিং এর বিবরণ ....

১০। আবেদনকৃত ফ্ল্যাটের আয়তন: ....

(কোন প্রকার কাটাকাটি/ ঘষা মাজা/ ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১১। যে পেশা/ কোটায় ফ্ল্যাট পাইতে আগ্রহী : ....

(কোন প্রকার কাটাকাটি/ ঘষা মাজা/ ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১২। প্রসপেক্টাসে বর্ণিত চাহিদামতে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে।

১৩। হলফনামার তারিখ : ....

(৩০/০৬/২০১৩ তারিখের পরে সম্পাদিত ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প -এ হলফনামা সংযুক্ত করিতে হইবে)।
NBR এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা/বাংলাদেশ দূতাবাসের কোন কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা গৃহীত হইবে।

১৪। আবেদনকারীর (নিজ নামে) ব্যাংক হিসাব নং ....

ব্যাংকের নাম .... শাখা ....

Swift code No (যদি থাকে) .... Routing No (যদি থাকে) ....

(জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে)

আমি অঙ্গীকার করিতেছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে কক্সবাজার জেলার
কলাতলি সরকারী জমিতে বিভিন্ন আয়তনের
৪৫৯ টি আবাসিক ফ্ল্যাট বরাদ্দের

প্রসপেক্টাস ও আবেদনপত্র

NHA

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

মূল্য : ১০০০/- (এক হাজার) টাকা মাত্র

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে কক্সবাজার জেলার কলাতলি সরকারী জমিতে বিভিন্ন আয়তনের ৪৫৯ টি আবাসিক ফ্ল্যাট বরাদ্দের প্রসপেক্টাস

১.০ : আবেদনকারীদের যোগ্যতা :

১.১ : বিভিন্ন পেশার সীমিত আয়ের বাংলাদেশের নাগরিকগণ ১০০০.০০ (এক হাজার) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সহিত নির্ধারিত ফরমে আবেদন করিতে পারিবেন।

১.২ : আবেদনকারী যদি নিজ নামে, স্ত্রী / স্বামী/সন্তান/পোষ্য বা বেনামে কক্সবাজার পৌরসভার আওতাধীন এলাকার মধ্যে ইতোপূর্বে গৃহ সংস্থান অধিদপ্তর (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) / অন্য কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে জমি / ফ্ল্যাট বরাদ্দ পাইয়া থাকেন বা কোন বেসরকারী উৎস হইতে জমি / ফ্ল্যাট ক্রয় করিয়া থাকেন তবে তিনি এই ফ্ল্যাট ক্রয়ের জন্য দরখাস্ত করিবার যোগ্য হইবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হইবে।

১.৩ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন এবং তাঁহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক / বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে হলফনামা আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাবরে FC A/C. NO. 0211-130000300 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে ১৫ (পনের) মার্কিন ডলার জমা প্রদান সাপেক্ষে সংগ্রহ করিতে পারিবেন। অথবা প্রসপেক্টাস ও আবেদন পত্র জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট থেকে ডাউন লোড পূর্বক সংগ্রহ করে আবেদন পত্রের সাথে ফরমের মুল্য বাবদ পৃথক ১৫ ডলার জমা প্রদান করতে হবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট : www.nha.gov.bd.

২.০ : আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজ বিক্রয় এবং দাখিল সংক্রান্ত :

২.১ : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের (১) চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম (২) সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ,সিলেট (৩) ই/এম ডিভিশন, গৃহায়ন ভবন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা, (৪) ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা (৫) ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা (৬) মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা (৭) খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা (৮) রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী (৯) দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, দিনাজপুর, (১০) চট্টগ্রাম উপ বিভাগ-১/২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম অফিসে অফিস চলাকালীন সময়ে প্রসপেক্টাস ক্রয় এবং দাখিল করা যাইবে।

২.২ : প্রয়োজনীয় কাগজপত্র দলিলাদি (প্রসপেক্টাসের ৭.০ অনুচ্ছেদে বর্ণিত) পে-অর্ডার / ব্যাংক ড্রাফট ইত্যাদি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। অস্পষ্ট, অসম্পূর্ণ, ভুল / অসত্য তথ্য সম্বলিত আবদেনপত্র অথবা প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি আবেদন পত্রের সাথে সংযুক্ত করা না হইলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২.৩ : আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে যে কোন তফসিলী ব্যাংক হইতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট / পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে জামানত হিসাবে জমা দিতে হইবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাইবেন তাঁহার জামানতের টাকা সংশ্লিষ্ট ফ্ল্যাটের মূল্য বাবদ পরিশোধযোগ্য প্রথম কিস্তির (ডাউন পেমেন্ট) টাকার সহিত সমন্বয় করা হইবে।

২.৪ : বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন। তাহারা অবশ্যই সমপরিমান টাকা পাউন্ড স্টার্লিন/ আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC A/C. NO.0211-130000300 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে প্রদান করিবেন। এবং তাহাদের ক্ষেত্রে জমাকৃত পে অর্ডার বাংলাদেশী যে কোন শাখায় Drawn on হতে হবে। তাহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদপত্রের সাথে দাখিল করিতে হইবে।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

২.৫ : বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড স্টার্লিং/ আমেরিকান ডলার অথবা এফ সি একাউন্টস এর মাধ্যমে বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করিতে পারিবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পাইলে তাহা গ্রহনে সম্মত থাকিতে হইবে। অন্যথায় জামানতের টাকা জমাকৃত তারিখের মুল্যে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে।

২.৬ : যাহারা লটারীতে ফ্ল্যাট পাইবেন না তাহাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর অনধিক ১ (এক) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম অফিস হইতে ফেরত দেওয়া হইবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হইবে না।

২.৭ : সকল আবেদনকারী তাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে পাইতে ইচ্ছুক তার একাউন্ট নাম্বার ব্যাংকের নাম ও ঠিকানা আবেদন পত্রে উল্লেখ করিতে হইবে। যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাইবে না অথবা ফ্ল্যাট পেলে পরবর্তীতে নিতে আগ্রহী নন তাদের জামানতের টাকা উক্ত ব্যাংক হিসাবে আবেদন সাপেক্ষে প্রেরণ করা হইবে।

২.৮ : যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দ পাইবেন, তাহাদের প্রদত্ত জামানতের টাকা জমির মূল্যের প্রথম কিস্তির সাথে সমন্বয় করা হইবে। আবেদনকারীগণ যাহারা ফ্ল্যাট বরাদ্দ পেইলেও ফ্ল্যাট নিতে ইচ্ছুক নন, তারা জামানতের টাকা ফেরত চেয়ে আবেদন করিলে আবেদন প্রাপ্তির অনধিক ১(এক) মাসের মধ্যে সুদ বিহীন ফেরত দেওয়া হইবে।

৩.০ : ফ্ল্যাটের আয়তন, মূল্য, সংখ্যা এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর সংক্রান্ত :

ক্রমিক নং	আয়তন	সংখ্যা	সর্বমোট মুল্য
১	৪৪৬ বর্গফুট	৮৪ টি	১৭,৮৪,০০০/-
২	৪৪৮ বর্গফুট	৪২ টি	১৭,৯২,০০০/-
৩	৭২০ বর্গফুট	৪২ টি	২৮,৮০,০০০/-
৪	৭৫০ বর্গফুট	৯৮ টি	৩০,০০,০০০/-
৫	৭৫২ বর্গফুট	১০৫ টি	৩০,০৮,০০০/-
৬	৮০২ বর্গফুট	৬৩ টি	৩২,০৮,০০০/-
৭	৮০৪ বর্গফুট	২১ টি	৩২,১৬,০০০/-
৮	৮৬৮ বর্গফুট	১৪ টি	৩৪,৭২,০০০/-
	সর্বমোট=	৪৫৯ টি	
বিশেষ দ্রষ্টব্য ঃ নির্মান কালীন সময়ে ফ্ল্যাটের সংখ্যা ও আয়তন হ্রাস বা বৃদ্ধি পাইতে পারে।			

৩.১ : নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে অথবা ফ্ল্যাটের আয়তন হ্রাস/বৃদ্ধি কারনে ফ্ল্যাটের নির্মাণ ব্যয় বৃদ্ধি পাইলে উক্ত ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি পাইতে পারে, যাহা ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পরিশোধে সম্মত থাকিতে হইবে। উক্ত বর্ধিত মূল্য বরাদ্দ প্রাপককে শেষ কিস্তির সহিত পরিশোধ করিতে হইবে অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য করা হইবে এবং প্রদানকৃত সমুদয় টাকার শতকরা ৫% হারে কর্তন করিয়া অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হইবে।

৩.২ : বরাদ্দ প্রাপকের নিকট হইতে ফ্ল্যাটের মূল্যের ৫০% পাওয়ার পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হইবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিজ খরচে সংশ্লিষ্ট অফিসের সহিত যোগাযোগ পূর্বক ইজারা দলিল (Lease Deed) সম্পন্ন করিয়া নিবেন। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষণাবেক্ষনের দায়-দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকদের এবং তাহারা কমন সার্ভিসসহ যাবতীয় রক্ষণাবেক্ষনের ব্যবস্থা করিবেন। তাহা ছাড়া সাব-স্টেশন, লিফট, জেনারেটর, পানির পাম্প ইত্যাদি কমন সার্ভিসেস সমূহ সমিতির নিকট হস্তান্তর করা হইবে এবং উহার যাবতীয় বিলসহ আনুষাঙ্গিক রক্ষণাবেক্ষন ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হইবে। তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মতামত অবশ্যই গ্রহন করিতে হইবে।

৩.৩ : গাড়ী পার্কিং এর জন্য অতিরিক্ত ৩(তিন) লক্ষ টাকা ৪ (চার) কিস্তিতে পরিশোধ করিতে হইবে যাহা ভবন ভিত্তিক আগে আসিলে আগে পাইবেন ভিত্তিতে বরাদ্দ করা হইবে।

৩.৪ : প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রকল্পের মূল্য তালিকায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

৪.০ : কিস্তি পরিশোধ সংক্রান্ত :

৪.১ : ফ্ল্যাটের মোট মূল্যের ৫০% টাকা সুদবিহীনভাবে নির্মাণকালীন সময়ে ৪ (চার) বৎসরে ত্রৈমাসিক ভিত্তিতে সর্বোচ্চ ১৬ কিস্তিতে ফ্ল্যাটের দখল গ্রহনের পূর্বেই কিস্তির সকল টাকা পরিশোধ করিতে হইবে। তবে ত্রৈমাসিক কিস্তিতে জমাদানে ব্যর্থতার কারণে ১১% সরল সুদে কিস্তির টাকা আদায় করা হইবে এবং অবশিষ্ট ৫০% টাকা সর্বোচ্চ ১৬ বৎসরের মাসিক কিস্তিতে ১১% সরল সুদে পরিশোধ করিতে হইবে। বিদেশে কর্মরত বাংলাদেশী আবেদনকারীগণের জন্য ফ্ল্যাটের অবশিষ্ট মূল্য এককালীন অথবা ৫ বছরে ত্রৈমাসিক কিস্তিতে বৈদেশিক মুদ্রায় পরিশোধ যোগ্য ।

৪.২ : নির্দিষ্ট সময়সীমার মধ্যে বরাদ্দ গ্রহীতা ফ্ল্যাটের মাসিক কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হইলে নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর পূর্ব অনুমতি সাপেক্ষে ৩ মাসের মধ্যে অতিরিক্ত ১৩% সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারিবেন। ৩ (তিন) মাস অতিক্রান্ত হলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর পূর্ব অনুমতি সাপেক্ষে ৬ (ছয়) মাসের মধ্যে অতিরিক্ত ১৫% সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারিবেন। ৬ (ছয়) মাসের অধিক সময় খেলাফী হইলে কেন বরাদ্দ বাতিল করা হইবে না ব্যখ্যা চাওয়া হইবে এবং যুক্তিসংগত কারণ বিবেচনায় ১ (এক) বছর পর্যন্ত ১৮% সুদ দিতে হইবে। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হইলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হইবে এবং জমাকৃত টাকার ১০% হারে কর্তন করিয়া অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হইবে।

৪.৩ : ফ্ল্যাটের মূল্য হতে অনুচ্ছেদ ৪.১বর্ণিত মুল্য বাদ দিয়ে অবশিষ্ট টাকা ১৬ বছরের মাসিক কিস্তিতে ১১শতাংশ সরল সুদসহ সুদাসলে পরিশোধ করিতে হইবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে বরাদ্দ গ্রহীতা ফ্ল্যাটের মাসিক কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পূর্ব অনুমতি সাপেক্ষে ৬ মাসের মধ্যে অতিরিক্ত ১০ শতাংশ সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারিবেন। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হবে এবং জমাকৃত টাকার ৫% হারে কর্তন করে অবশিষ্ট টাকা এককালিন অনধিক তিন মাসের মধ্যে মূল আবেদনকারী অথবা উত্তরাধীকারীকে ফেরত প্রদান করা হইবে।

৪.৪ : বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য একাধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করিতে পারিবেন। অনুচ্ছেদ ৪.১,৪.২ও ৪.৩-এ বর্ণিত কিস্তি ভিত্তিক/ এককালীন মূল্য পরিশোধের সিডিউল বরাদ্দ পত্রের সাথে দেয়া হবে।

৪.৫ : বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ আমেরিকান ডলারের মাধ্যমে ফ্ল্যাটের মূল্য পরিশোধ করিতে পারিবেন। যাহা চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুকূলে বেসিক ব্যাংক, মতিঝিল প্রধান শাখা, ঢাকা, বাংলাদেশ বরাবরে ১.৩ অনুচ্ছেদে বর্ণিত Swift code-এ জমা প্রদান করিতে হইবে।

৫.০ : বরাদ্দপত্র বাতিল করণ, উচ্ছেদকরন / ফ্ল্যাটের বরাদ্দ হইতে অব্যাহতি গ্রহন সংক্রান্ত :

৫.১ : বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত বা ধারা লঙ্ঘন করিলে বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং তাঁহাকে বিধি মোতাবেক উচ্ছেদ করা যাইবে।

৫.২ : ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের চেয়ারম্যানের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত ফ্ল্যাটের বন্ধক, লীজস্বত্ব, বায়না, পাওয়ার অব এটর্নী (আমমোক্তার) করিতে পারিবেন না। এই শর্ত ভঙ্গের কারণে কোন কারণ দর্শানো ব্যতীত তার বরাদ্দপত্র বাতিল হইবে।

৫.৩ : বরাদ্দকৃত ফ্ল্যাটের বিপরীতে পরিশোধযোগ্য সমুদয় টাকা পরিশোধের পূর্বে বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি যদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট বরাদ্দকৃত ফ্ল্যাট সমর্পনের জন্য লিখিত আবেদন করেন, সেই ক্ষেত্রে হালনাগাদ পর্যন্ত জমাকৃত সমুদয় টাকার (বিনাসুদে) ১০% কাটিয়া রাখিয়া ফ্ল্যাট সমর্পনের জন্য সম্মতি দেওয়া হইবে। বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগণকে যথাসত্ত্বর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক আবেদন করিতে হইবে। আবশিষ্ট কিস্তির সমুদয় টাকা ওয়ারিশগণ নিয়মিতভাবে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাঁহার বৈধ ওয়ারিশগণের উপর বর্তাইবে।

৬.০ : অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী / শর্তাবলী :

৬.১ : প্রকল্পটি স্ব-অর্থায়নে বাস্তবায়িত করা হইবে।

৬.২ : প্রতিটি ভবনের নীচতলা কার পার্কিং হিসাবে ভবন ভিত্তিক আগে আসিলে আগে পাইবেন ভিত্তিতে নির্ধারিত দরে বরাদ্দ করা হইবে।

৬.৩ : প্রতিটি ভবনের অন্যান্য তলার ফ্ল্যাটগুলি অনুচ্ছেদ ৯.০০-এ বর্ণিত বিবরণ অনুযায়ী প্রণীত তালিকা কোটা ও ক্যাটাগরী অনুযায়ী লটারীর মাধ্যমে নির্ধারণ করা হইবে এবং বরাদ্দ প্রাপক লটারীতে প্রাপ্ত ফ্ল্যাট নিতে বাধ্য থাকিবেন।

৬.৪ : প্রতিটি ভবনে একটি জেনারেটরসহ ২টি করিয়া (8 Passenger, 630 kg. 8 stop) লিফ্‌ট সংযোজনের ব্যবস্থা রাখা হইয়াছে।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

৬.৫ : ফ্ল্যাট বিল্ডিং এর যাবতীয় মেরামতসহ অন্যান্য সুবিধাদি ও বসবাসের পরিবেশ বজায় রাখিবার দায়িত্ব বরাদ্দ গ্রহীতাগণ যৌথভাবে পালন করিবেন। তাঁহারা এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমতিক্রমে একটি সমিতি গড়িয়া তুলিবেন। আবাসিক ভবন সমূহে আনুষাঙ্গিক এবং সাধারণ সুবিধাদি সমূহ ইজারা দলিলে (Lease Deed) প্রতিফলিত হইবে।

৬.৬ : কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন দরখাস্ত বাতিল বা গ্রহন করিতে পারিবেন এবং যে কোন শর্ত ইজারা দলিল (Lease Deed) সম্পাদিত হইবার পূর্বে বদল / সংশোধন করিতে পারিবেন।

৬.৭ : যাহারা ফ্ল্যাটের বরাদ্দ পাইবেন তাঁহারা ৯৯ বৎসরের লীজ শর্তে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির Leasee হইবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হইবেন না বা ভবিষ্যতে একক বা যৌথভাবে অন্য কোন মালিকানা বা অধিকার দাবি করা যাইবে না।

৬.৮ : বরাদ্দকৃত দালানটি যে পরিমাণ জায়গার উপরে নির্মিত হইয়াছে তাহার হার অনুসারে ভাগ জায়গা অবিভক্ত ও অবন্টনকৃত অবস্থায় লীজডীডে থাকিবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তার নিজস্ব নীতিমালা ও নিয়মকানুনের আলোকে খালি জায়গা ব্যবহারের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করিবেন।

৬.৯ : ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে ওয়ারিশান ব্যতীত একই ক্যাটাগরীর লোক অগ্রাধিকার পাইবে।

৭.০ : আবেদনকারীগণকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সহিত দাখিল করিতে হইবে :

৭.১ : চাকুরীরত আবেদনকারীগণের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হইতে আবেদনকারীর পরিচিতি (নাম, পদবী, বয়স) মাসিক মূল বেতন, মোট বেতন এবং চাকুরীতে বর্তমানে কর্মরত উল্লেখ পূর্বক সনদপত্র, অফিস প্রধান / নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

৭.২ : বেতনের আয় ছাড়া অন্য কোন বৈধ আয় থাকিলে উহার স্বপক্ষে প্রমাণপত্রাদির দাখিল করিতে হইবে।

৭.৩ : করযোগ্য আয় থাকিলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে আয়কর সার্টিফিকেট এবং কর পরিশোধ সংক্রান্ত বিবরণীর সত্যায়িত অনুলিপি / ফটোকপি প্রদান করিতে হইবে।

৭.৪ : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর) কিংবা অন্য কোন সরকারী বা স্বয়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে নিজ নামে, স্ত্রী / স্বামী/সন্তান/পোষ্য বা বেনামে ইতোপূর্বে কখনও কোন প্লট, ফ্ল্যাট বা জমির বরাদ্দ গ্রহন করা হয় নাই মর্মে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা (পরিশিষ্ট-১) প্রদান করিতে হইবে।

৭.৫ : পরিপূরণকৃত আবেদনপত্র।

৭.৬ : বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধীকরণ সনদপত্র / এস.এস.সি / সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র / পাসপোর্ট/ জাতীয় পরিচয় পত্র / ওয়ার্ড কমিশনার /ইউ পি চেয়ারম্যান এর প্রত্যয়নপত্র।

৭.৭ : ইহা ছাড়াও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চাহিদানুযায়ী অন্যান্য পরিপূরক বা সম্পূরক সনদপত্রাদি/কাগজ পত্রাদি।

৭.৮ : বাংলাদেশী নাগরিকত্ব প্রমাণের জন্য প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা / ওয়ার্ড কমিশনার / ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

৮.০ : ভবনের আনুষাঙ্গিক তথ্যাদি ও সুযোগ-সুবিধাদি :

৮.১ : ভবনগুলো ৮(আট) তলা RCC Frame Structure কংক্রিট দ্বারা নির্মিত। (Made Through by ACI & BNBC Code)

৮.২ : ভূমিকম্প ও ঝড় সহনশীল হইবে।

৮.৩ : বৈদ্যুতিক ঃ সর্বাধিক ৪.০০ কিলোওয়াট ২২০ ভোল্ট বিদ্যুৎ ব্যবহারের সুব্যবস্থা। স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার, Conceled conduit electric wiring, Earthing connection, Conceled Telephone / Intercom / T.V / Standby Generator (for Lift, Emergency Light and Fan Points) এর ব্যবস্থা।

৮.৪ : অগ্নি নির্বাপক ব্যবস্থা ঃ প্রচলিত অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকিবে। Emergency Fire Scape সিঁড়ির ব্যবস্থা থাকবে।

৮.৫ : উক্ত Specification এর বাহিরে কোন কাজের চাহিদা থাকিলে বরাদ্দ প্রাপক পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিজ দায়িত্বে করিতে পারিবেন। এক্ষেত্রে দালানের মূল নক্সার কোন পরিবর্তন করা যাইবে না।

৯.০০ : ফ্ল্যাট বরাদ্দের নিয়মাবলী :

আবেদনকারীকে তাহার পেশা হিসাবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন পেশা উল্লেখ করিতে হইবে। কোন আবেদনকারীকে নিম্নবর্ণিত (ক) গ্রুপ হইতে (ট) গ্রুপে অর্ন্তভুক্ত না হইলে (ড) অন্যান্য গ্রুপে তাহার পেশার বিষয় উল্লেখ করিতে হইবে। কোন কোটায় প্লটের প্রাপ্যতা অপেক্ষা দরখাস্ত কম হইলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে অবশিষ্ট ফ্ল্যাটসমূহ দরখাস্ত ও ফ্ল্যাট সংখ্যার অনুপাতে বিভিন্ন কোটায় সরাসরি সংযোজিত হইবে।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

৯.১ :

ক্রমিক নং	পেশা গ্রুপ	শতকরা হার
ক	সরকারী কর্মকর্তা/ কর্মচারী	১৮%
খ	আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী	০৮%
গ	বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী	০৮%
ঘ	বিদেশে কর্মরত ব্যাক্তি	০৭%
ঙ	মুক্তিযোদ্ধা	০৪%
চ	ব্যবসায়ী	০৮%
ছ	অবসরপ্রাপ্ত চাকুরীজীবি	০৪%
জ	মন্ত্রণালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তা /কর্মচারীগণের জন্য নির্ধারীত	০৬%
ঝ	অর্থ বিভাগ, আই এম ইডি এবং পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মচারীগণের জন্য নির্ধারীত	০১%
ঞ	প্রকল্প এলাকার অধিগ্রহনকৃত ক্ষতিগ্রস্থ লোকজন	০৪%
ট	বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাধিক, আইনজীবি ইত্যাদি)	০৪%
ঠ	সংরক্ষিত কোটা	২০%
ড	অন্যান্য	০৮%
	মোট=	১০০%

বিশেষ দ্রষ্টব্য : বর্ণিত "ঠ" কোটায় সরাসরি কেউ আবেদন করিতে পারিবেন না। উক্ত কোটায় মন্ত্রনালয়ের সিদ্ধান্ত মোতাবেক বরাদ্দ দেয়া হবে

৯.২ : প্রকল্পটি স্ব-অর্থায়নে বাস্তবায়ন করা হইবে। প্রকল্প বাস্তবায়নের স্বার্থে ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি পাইতে পারে, যাহা পরিশোধে সম্মত থাকিতে হইবে।

৯.৩ : যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১০.০০ চুক্তি সম্পাদন :

১০.০১ : সকল বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সহিত নির্ধারিত সকল শর্তাদি প্রতিপালনের লক্ষ্যে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

১১.০০ : ইজারা দলিল (Lease Deed) সম্পাদন :

১১.০১ : ফ্ল্যাটের সমুদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সহিত ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করিতে হইবে।

১১.০২ : বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন হাউজিং এস্টেট এর প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলে দাবী করিতে পারিবে না। ফ্ল্যাটের বরাদ্দ গ্রহীতা কোন ক্রমেই ফ্ল্যাট নির্মাণ সংক্রান্ত ডিপিপি বা অন্য কোন দলিল পরবর্তীতে Reference হিসেবে ব্যবহার করিতে পারিবেন না। ইহা শুধু মাত্র দাপ্তরিক কাজের জন্য ব্যবহৃত হইবে এবং ইহা কোন অবস্থাতেই কোন কারণে আদালতে দাখিল করা যাইবে না।

১২.০০ কর্তৃপক্ষ যে কোন সময় প্রসপেক্টাসের দফা, উপ-দফা পরিবর্তন ও সংশোধন করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩.০০ প্রয়োজনে নতুন কোন শর্ত বরাদ্দপত্রে উল্লেখ করা যেতে পারে।

মোঃ শহীদ উল্লা খন্দকার
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
ফোন ঃ ০২-৯৫৬২৭৬২

তারিখ:

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

ছবি

পরিশিষ্ট-১

৩০০/- টাকার নন্-জুডিসিয়াল স্ট্যাম্পে
"হলফ নামার নমুনা"

আমি ....

পিতা/ স্বামী : ....

জন্ম তারিখ : .... বয়স : .... পেশা : ....

বর্তমানে : ....

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা : গ্রাম : ....

ডাকঘর : .... থানা : ....

জেলা : .... নাগরিকত্ব ....

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করিতেছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করিতেছি যে, কক্সবাজার উপজেলার আওতাধীন এলাকার মধ্যে কোথাও আমার নিজের নামে/ স্ত্রী/ স্বামী /সন্তান/ পোষ্যের নামে বা বেনামে কোন সরকারী/বেসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কর্তৃক/হইতে/কোন আবাসিক জমি/বাড়ী/ফ্ল্যাট বরাদ্দ/ক্রয় করা হয় নাই।

উপরোক্ত ঘোষণা সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

____

হলফকারীর পূর্ণ স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত,
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করিয়াছেন।
আমি তাহার পরিচয় দানকারী।

____

নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

____

এ্যাডভোকেট

....

বিদেশে কর্মরত ওয়েজ অর্নার দের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
চট্টগ্রাম বিভাগ
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নাসিরাবাদ, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

এতদ্বারা আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন কক্সবাজার জেলার সরকারী জমিতে আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের বিভিন্ন আয়তনের আবাসিক ৪৫৯ টি ফ্ল্যাট বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাইতেছে।

ক) ফ্ল্যাটের আয়তন ও সংখ্যা :

ক্রমিক নং	ফ্ল্যাটের আয়তন (কম বেশী)	সংখ্যা (কম বেশী)
১.	৪৪৬ বর্গফুট	৮৪ টি
২.	৪৪৮ বর্গফুট	৪২ টি
৩.	৭২০ বর্গফুট	৪২ টি
৪.	৭৫০ বর্গফুট	৯৮ টি
৫.	৭৫২ বর্গফুট	১০৫ টি
৬	৮০২ বর্গফুট	৬৩ টি
৭	৮০৪ বর্গফুট	২১ টি
৮	৮৬৮ বর্গফুট	১৪ টি

খ) জামানতের পরিমাণ ঃ প্রতিক্ষেত্রে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা

গ) জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা এর অনুকূলে যে কোন তফসীল ভূক্ত / বাণিজ্যিক ব্যাংক হইতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। বিদেশে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড স্টার্লিং/ আমেরিকান ডলার অথবা এফ সি একাউন্টস এর মাধ্যমে প্রদান করিতে পারিবেন।

গ) ফ্ল্যাটের আনুমানিক মূল্য (প্রতি বর্গফুট) ঃ ৪০০০/- (চার হাজার) টাকা মাত্র।

ঘ) ফ্ল্যাট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদন পত্র নগদ টাকা ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে নিম্নে বর্ণিত কার্যালয় হইতে ০৬-১০-২০১৩ ইং তারিখ হইতে ৩০-১০-২০১৩ ইং তারিখ পর্যন্ত ক্রয় এবং জমা প্রদান করা যাইবে।

ক্রমিক নং	কার্যালয়ের নাম ও ঠিকানা
০১	চট্টগ্রাম বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, জি.ই.সি. মোড়, নাসিরাবাদ, চট্টগ্রাম।
০২	ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর।
০৩	ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
০৪	মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা।
০৫	ই/এম ডিভিশন, গৃহায়ন ভবন (৭ম তলা) জাতীয় গহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা ।
০৬	সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট।
০৭	খুলনা বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
০৮	রাজশাহী বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।
০৯	দিনাজপুর বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, দিনাজপুর।
১০	সহকারী প্রকৌশলীর কার্যালয়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মাইজদী, নোয়াখালী।
১১	চট্টগ্রাম উপ বিভাগ-১/২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।

ঙ) আবেদন কারীর বয়স ০১-১০-২০১৩ ইং তারিখে নুন্যতম ২৫ বৎসর হইতে হইবে।

চ) প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মোতাবেক সকল কাগজ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতঃ পুরণকৃত আবেদন পত্র ৩০-১০-২০১৩ইং তারিখের মধ্যে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সহ অনুচ্ছেদ "ঘ" তে বর্ণিত কার্যালয় সমূহে জমা দেওয়া যাইবে। অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন পত্র বাতিল হিসাবে গন্য হইবে।

ছ) প্রসপেক্টাসে বর্ণিত পেশা, গ্রুপের বিপরীতে বর্ণিত শতকরা হারের ভিত্তিতে বৈধ আবেদনকারীগণকে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হইবে। তবে ফ্ল্যাটের সংখ্যা হইতে বৈধ আবেদনকারীর আবেদন পত্র বেশী হইলে লটারীর মাধ্যমে বরাদ্দ দেওয়া হইবে।

জ) ফ্ল্যাট বরাদ্দ সংক্রান্ত অন্যান্য তথ্যাদি ও শর্তাবলি উপরে বর্ণিত কার্যালয় হইতে বিস্তারিত জানা যাইবে।

(এ.কিউ.এম. শাহজালাল মজুমদার)
নির্বাহী প্রকৌশল
চট্টগ্রাম বিভাগ
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
ফোন-৬৫৫৩৪৩

Download from www.nha.gov.bd Date: 27/05/2017